দ্বাদশ অধ্যায়: পালি বর্ণমালা ও ভাষার উৎস

▶ যোগ্যতাভিত্তিক নৈর্ব্যক্তিক প্রশ্ন ও উত্তর

১. তুমি ত্রিপিটক পাঠ করতে চাও। তাহলে তুমি কোন ভাষা শিখবে?
ক পালি খ বাংলা
গ হিন্দি ঘ ইংরেজি **ক**

২. তোমার পালি ভাষা শেখার অনেক ইচ্ছা এবং এর জন্য তোমাকে পালি অক্ষর সম্পর্কে জানতে হবে। পালির অক্ষর কয়টি?
ক ৪১টি খ ৪২টি
গ ৪৩টি ঘ ৪৪টি **ক**

৩. তুমি পালি অক্ষর সম্পর্কে জানো এবং সুন্দর করে পড়তে পার। পালিতে স্বরবর্ণ কয়টি?
ক ৮টি খ ৯টি
গ ১০টি ঘ ১১টি **ক**

৪. ব্যঞ্জণবর্ণ স্বরবর্ণের সাহায্য ছাড়া উচ্চারিত হতে পারে না। বর্গসমূহের প্রথম ও দ্বিতীয় বর্ণকে কী বর্ণ বলে?
ক অঘোষ খ ঘোষ
গ অল্পপ্রাণ ঘ মহাপ্রাণ **ক**

৫. গৌতম বুদ্ধ প্রাচীভারতের বিভিন্ন অঞ্চলে ঘুরে ঘুরে তাঁর বাণী প্রচার করেছেন। এগুলো কোন ভাষায় সংরক্ষিত আছে?
ক বাংলা খ পালি
গ হিন্দি ঘ ইংরেজি **খ**

৬. শীতল মূল ত্রিপিটক পাঠ করছে। সে কোন ভাষায় এটি পাঠ করছে?
ক পালি খ বাংলা
গ হিন্দি ঘ ইংরেজি **ক**

৭. জীবক পালি ভাষা শিখতে চায়। এ ভাষা কোন ভাষা থেকে উৎপত্তি লাভ করেছে?
ক ইংরেজি খ হিন্দি
গ মাগধী নিরুক্তি ঘ জাপানি **গ**

৮. রিয়া পালি স্বরবর্ণ শিখেছে। তার শেখা বর্ণের মধ্যে নিচের কোনটি আছে?
ক এ খ ঐ
গ ঔ ঘ ঋ **ক**

৯. পালি আর্য ভাষার একটি স্তর। ভারতীয় আর্য ভাষায় আর কয়টি স্তর আছে?
ক ১ খ ২
গ ৩ ঘ ৬ **খ**

১০. তুমি ব্যঞ্জন বর্ণ উচ্চারণ করতে চাও। এটি কার সাহায্য ছাড়া উচ্চারিত হতে পারে না?
ক ওষ্ঠ খ কণ্ঠ
গ দন্ত ঘ স্বরবর্ণ **ঘ**

▶ সাধারণ নৈর্ব্যক্তিক প্রশ্ন ও উত্তর

১১. ভারতীয় আর্য ভাষার কয়টি স্তর আছে? [প্রা.শি.স.প.-২০১৫]
ক দুটি খ তিনটি
গ চারটি ঘ পাঁচটি **খ**

১২. পালি কোন আর্য ভাষার অন্তর্গত? [প্রা.শি.স প.-২০১৪]
ক মধ্য ভারতীয় আর্য ভাষা খ প্রাচীন ভারতীয় আর্য ভাষা
গ নব্য ভারতীয় আর্য ভাষা ঘ ভারতীয় দ্রাবিড় ভাষা **ক**

১৩. বুদ্ধের ধর্মবাণী কোথায় লিপিবদ্ধ আছে? [প্রা.শি.স প.-২০১৩]
ক গীতায় খ বাইবেলে
গ ত্রিপিটকে ঘ বৈদিক শাস্ত্রে **গ**

১৪. উত্তর ভারত কোন সাম্রাজ্যের অন্তর্ভুক্ত ছিল? [প্রা.শি.স প.-২০১৫]
ক মগধ খ বিহার
গ পাঞ্জাব ঘ কোশল **ক**

১৫. পালিতে স্বরবর্ণ কয়টি? [প্রা.শি.স প.-২০১৪]
ক ১১টি খ ১০টি
গ ৮টি ঘ ৭টি **গ**

১৬. বাংলা ভাষার আদি নিদর্শন কোনটি? [প্রা.শি.স প.-২০১৩, ২০১৫]
ক প্রাকৃত খ অর্ধ মাগধী
গ অপভ্রংশ ঘ চর্যাপদ **ঘ**

১৭. 'প' বর্ণটি উচ্চারিত হতে যা প্রয়োজন— [প্রা.শি.স প. ২০১৫]
ক গলা খ জিহ্বা
গ উভয় ঠোঁট ঘ দন্ত **গ**

Teachingbd.com